

উপজেলা মুক্তিযোদ্ধা কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখঃ ২১/১০/২০২১ খ্রিঃ তারিখ, রোজ- বৃহস্পতিবার

সভার সময়ঃ সকাল ১১.৩০ ঘটিকা।

সভার স্থানঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট এর অফিস কক্ষ।


সভাপতিঃ জনাব মোঃ ইকবাল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট- “ক”

সভার প্রারম্ভে সকলকে স্বাগত জানিয়ে সভাপ্রস্তুকরা হয়। সকলের উপস্থিতিতে বাগেরহাট জেলার মোংলা উপজেলার মুক্তিযোদ্ধা কমিটির সভায় নিম্নোল্লখিত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচনার বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ আলোচনার শুরুতে অত্র কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন ধরনের সংশোধনী থাকলে উপস্থাপনের জন্য সম্মানিত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেন।	১। কোন ধরনের সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	১। উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট ও সদস্য সচিব, উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি
২। মৃত ও শহীদ বীর মুক্তিযোদ্ধাদের সমাধিস্থল সংরক্ষণ ও চিহ্নিতকরণ সংক্রান্ত আলোচনাঃ কমিটির সদস্য সচিব জানান যে, মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় অতি সম্প্রতি ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে শহীদ বীর মুক্তিযোদ্ধা এবং মৃত বীর মুক্তিযোদ্ধাদের সমাধিস্থল চিহ্নিতকরণের পাশাপাশি সংরক্ষণের জন্য একটি প্রকল্প গ্রহণ করেছেন। উক্ত প্রকল্পের আওতায় শহীদ ও মৃত বীর মুক্তিযোদ্ধাদের সমাধিস্থল পাকা করার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ফকিরহাট উপজেলার শহীদ ও মৃত বীর মুক্তিযোদ্ধাদের সমাধিস্থল চিহ্নিত করা এবং বর্তমানে সমাধিস্থল কোন অবস্থায় আছে সেটির একটি সমন্বিত প্রতিবেদন প্রেরণ করার জন্য মন্ত্রণালয় থেকে নির্দেশনা এসেছে। উক্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য ০১ টি পৌরসভা ০৬ টি ইউনিয়নের মুক্তিযোদ্ধাদের সমাধিস্থল সরেজমিনে পরিদর্শন করা প্রয়োজন যেটি সদস্য সচিবের একাধিক পক্ষে সম্ভবপর নয়। তিনি এই কাজটি সফলভাবে সমাপ্তির জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	২। দীর্ঘ আলোচনা শেষে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে শহীদ বীর মুক্তিযোদ্ধা এবং মৃত বীর মুক্তিযোদ্ধাদের সমাধিস্থল চিহ্নিতকরণের জন্য সদস্য সচিবকে অনুরোধ করা হয় এবং এই কাজে সংশ্লিষ্ট ইউনিয়নের ট্যাগ অফিসারকে সম্পৃক্ত করার ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ উপজেলা কমিটিতে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	২। উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট ও সদস্য সচিব, উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।


 ২১.১০.২১
 (মোঃ ইকবাল হোসেন)
 ভাইস চেয়ারম্যান
 উপজেলা পরিষদ
 মোংলা, বাগেরহাট
 ও
 সভাপতি
 উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি

স্মারক নম্বরঃ ৪১.০১.০১৫৮.০০০.০২৮.১৮.৩০৫


তারিখঃ ২১/১০/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।

২। উপজেলা নির্বাহী অফিসার, মোংলা, বাগেরহাট।

৩। অফিস কপি।


 ২১-১০-২১
 (এস এম মাসুদ রানা)
 উপজেলা সমাজসেবা অফিসার
 মোংলা, বাগেরহাট
 ও
 সদস্য সচিব
 উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি